দৈনিক ইনকিলাব

তারিখ 26 SEP 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## চিঠিপত্র

### প্রসঙ্গ ক্যাডেট কলেজ

আমাদের বাংলাদেশে মোট দশটি ক্যাডেট কলেজ রয়েছে। এগুলো আদর্শভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান বলে সুপরিচিত। উক্ত কলেজসমূহে ছাত্র রাজনীতি নিষিদ্ধ। তাছাড়াও এখানে কোন অবৈধ কার্যকলাপের বিরুদ্ধে কড়া হুঁশিয়ারি রয়েছে। পরীক্ষায় অসদুপায়ের কোন সুযোগ নেই। তাই দাঙ্গা-হাঙ্গামা আর বোমাবাজির অবকাশ কোথায়। যা বাইরের প্রতিষ্ঠানসমূহে অহরহ ঘটছে।

এ কলেজগুলোর প্রধান উদ্দেশ্য হলো বাইরে যেসব শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সেগুলো যেন এসব কেডেটের আদর্শে অনুপ্রাণীত হয়ে তারাও যেন আদর্শ শিক্ষার্থী তৈরী করতে পারে। এসব কারণে ক্যাডেট কলেজসমূহে উত্তীর্ণ হওয়ার প্রবল প্রতিযোগিতা লক্ষণীয়। শিক্ষক মহোদয়গণের চাল-চালন আদব-আখলাকে ইসলামের কোন ছাপ পরিলক্ষিত হয় না। ধর্মীয় কার্যকলাপ যা রয়েছে তা রুটিন মাফিক।

যে মানুষ্য সমাজে ইসলামী ভাবধারা অবর্তমান সেখানে কি করে আদর্শ পুরুষ হতে পারে— আমাদের রাষ্ট্র নায়কদের মধ্যে সুনাম-দুর্নাম রয়েছে। আজকের যারা কিশোর, বালক তারা হবে রাষ্ট্র পরিচালক। আদর্শ শিক্ষার্থী তৈরী করার মাধ্যমেই কাংখিত ফল লাভ করা সহজ। আমাদের গণতান্ত্রিক সরকার এদিকে একটু দৃষ্টি দিলে কৃতার্থ হব।

—এটিএম ছালাহউদ্দিন,
গ্রাম- সারপটি, পোঃ পাতড্ডা,
থানা- ১৪ গ্রাম, কুমিল্লা।